

Times Today BD

ডেস্ক রিপোর্ট | অর্থনীতি | 22 June, 2025

ফাঁকি দেওয়া কর আদায়ে চিত্রনায়িকা মৌসুমী, চিত্রনায়ক বাপ্পারাজ, চিত্রনায়িকা নুসরাত ফারিয়া, সাবিলা নূর ও অভিনেতা আহমেদ শরীফসহ ২৫ জনের ব্যাংক হিসাব ফ্রিজ করেছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)।

এনবিআর কর অঞ্চল-১২'র সহকারী কর কমিশনার কাজী রেহমান সাজিদ মন সই করা চিঠির সূত্রে এসব তথ্য জানা গেছে।

গত ১৫ জুন এ চিঠি পাঠানো হয়েছে বলে জানা গেছে। চিঠিতে ২৫ জনের ব্যাংক হিসাব, বকেয়া কর, টিআইএন, পাসপোর্ট নম্বর উল্লেখ করা হয়েছে। যাদের হিসাব ফ্রিজ করা হয়েছে তারা হলেন- হাজী কামাল উদ্দিন, গোলাম মাওলা, ওসমান গণি, আশরাফ হোসেন, মো. জাহিরুল হক, জাহিদুর রহমান সিদ্দিক, জোৎস্না বেগম, ইউসুফ আলী, সাব্বির হোসেন বাপ্পি, জামাল উদ্দিন চৌধুরী, আল আমিন চৌধুরী, ইরফান সেলিম, কাজী রুবায়েত হাসান, নুসরাত ফারিয়া, নাসিমা খান, নুসরাত ইয়াসমিন তিশা, সাবিলা নূর, রেজাউল করিম (বাপ্পারাজ), এ. কে. এম মোশারফ হোসেন, শবনম পারভীন, পারভীন জামান মৌসুমী, আহমেদ শরীফ, নৃত্যঞ্চল, এ. কে. এম. হুমায়ন কবির ও মো. মিকাইল হোসেন।

এনবিআর উপর্যুক্ত এক কর্মকর্তা এ বিষয়ে বলেন, সময়মতো কর পরিশোধ না করায় বেশ কয়েকজন তারকার ব্যাংক হিসাব ফ্রিজ করা হয়েছে। এরই মধ্যে বেশ কয়েকজন তাদের কর পরিশোধ করেছেন। কয়েকজন সময় নিয়েছেন। কর পরিশোধ হলে আইন অনুযায়ী ব্যাংক হিসাব খুলে দেওয়া হবে।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 13:51

URL: <https://timestodaybd.com/economy/3699153552>